



রেজিস্ট্রারের কার্যালয়
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।



সূত্র নং: জাককানইবি/রেজি:/একাসিবা/৩৩৯/০৯/১২২২

তারিখ: ০৮/০৬/২০২১ খ্রি:

জরুরি বিজ্ঞপ্তি

০২/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত ৩৪তম (জরুরী) একাডেমিক কাউন্সিলের সুপারিশের প্রেক্ষিতে ও পরবর্তী সিডিকেটে অনুমোদন সাপেক্ষে জানানো যাচ্ছে যে, ক) কোভিড-১৯ এর কারণে ইউজিসির সিদ্ধান্তের সাথে একাত্ম হয়ে সকল পরীক্ষা অফলাইন/হিনপার্সন পদ্ধতিতে গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে কোর্সের প্রয়োজনে কোন পরীক্ষা/পরীক্ষার অংশবিশেষ অনলাইনে নেওয়ার প্রয়োজনে বিভাগকে ক্ষমতায়িত করা হয়। পূর্বে স্থগিতকৃত পরীক্ষাসমূহ আগে নেয়া হবে। অন্যান্য পরীক্ষাও নিজ নিজ বিভাগ ও অনুযায়ী প্রকাশের মাধ্যমে শুরু করবেন।

খ) পরীক্ষা গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ এবং সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি সকল ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ বিষয়ে পূর্বের ন্যায় পরীক্ষা কমিটির পক্ষ থেকে পরীক্ষা নিয়ন্ত্রক, প্রক্টরিয়াল বডি, পরিবহন পুল, মেডিক্যাল সেন্টার ও রেজিস্ট্রার দপ্তরের সাথে যোগাযোগের মাধ্যমে সমন্বয় করবেন। তাছাড়া ফরম ফিলাপ ও এডমিট কার্ড ইস্যুর বিষয়টি সহজতর করার অংশ হিসেবে পরীক্ষার্থীদের ফরম ফিলাপের জন্য ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.jkknui.edu.bd হতে ডাউনলোড করে তা পূরণপূর্বক অনলাইনে টাকা প্রদানের রশিদসহ স্ক্যান করে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধানের ইমেইলে প্রেরণ করতে হবে এবং ফরম ফিলাপের টাকা যেকোন ব্যাংক হতে অনলাইনে সোনালী ব্যাংক, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় শাখার STD-332820300001 এই নাম্বারে জমা প্রদান করতে হবে। পূরণকৃত ফরমের মূলকপি ও টাকা জমাদানের মূল রশিদ পরীক্ষার সময় সাথে নিয়ে আসতে হবে।

গ) পরীক্ষাসংশ্লিষ্ট সকল (শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী)-কে পরীক্ষা চলাকালীন সময়ে অফিসে/ক্যাম্পাসে/স্টেশনে বাধ্যতামূলকভাবে অবস্থান করতে হবে। পরীক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ এর এন্টিজেন/আরটি-পিসিআর টেস্ট করে তার সার্টিফিকেট সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/মেডিক্যাল সেন্টারে জমা দিতে হবে। টেস্ট নিজ নিজ এলাকা থেকে করে আসার জন্য অনুরোধ করা হলো। জরুরি প্রয়োজনে সংশ্লিষ্টদেরকে মেডিক্যাল সেন্টার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। তাছাড়া ডিন, রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, শিক্ষক প্রতিনিধি, প্রক্টরিয়াল টিম ও ডাক্তারদের সমন্বয়ে একটি উচ্চ পর্যায়ের মেডিক্যাল মনিটরিং টিম কাজ করবেন।


ঘ) পরীক্ষায় অংশগ্রহণকৃত শিক্ষার্থীদেরকে হলে থাকার (ছেলে-মেয়ে কাউকেই) আবাসিক সুবিধা দেয়া হবে না। তবে পূর্বের ন্যায় সম্প্রসারিত পরিবহন সুবিধা দেয়া হবে।

ঙ) পরীক্ষা শুরুর ১ (এক) ঘন্টা পূর্বে শিক্ষার্থীদেরকে মেডিক্যাল সেন্টারে চেকআপপূর্বক সার্টিফিকেট পরীক্ষার হলে প্রদর্শন করে সামাজিক/ শারীরিক দুরত্ব নিশ্চিত করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় বসতে হবে। পরীক্ষার পর ক্যাম্পাসে শিক্ষার্থীরা এক ঘণ্টার বেশি সময় অবস্থান করতে পারবে না।

চ) সামাজিক/শারীরিক দুরত্ব নিশ্চিত করার স্বার্থে ভিড়, গাঁদা-গাঁদি এড়ানোর জন্য সমন্বয় করে একদিনে প্রতি অনুষ্ঠানের একটি করে পরীক্ষা গ্রহণ করা হবে।

ছ) যদি কোন শিক্ষার্থীর মধ্যে কোভিড-১৯ এর লক্ষণ/উপসর্গ থাকে তাহলে তাকে মেডিক্যাল সেন্টারেই আলাদা নির্ধারিত কক্ষে আইসোলেশনে রেখে একজন ডাক্তারকে পরীক্ষকের সকল ক্ষমতা প্রদানপূর্বক পরীক্ষা গ্রহণ করা হবে। তাছাড়া কোন শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থী আক্রান্ত হলে বিশেষ ব্যবস্থায় বিশ্ববিদ্যালয়ের এ্যাম্বুলেন্স সুবিধায় হাসপাতালে ভর্তির ব্যবস্থা করা হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,


(কৃষিবিদ ড. মোঃ হুমায়ুন কবীর)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।

সূত্র নং: জাককানইবি/রেজি:/একাসিবা/৩৩৯/০৯/১২২২(৩৫)

তারিখ: ০৮/০৬/২০২১ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। ট্রেজারার, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ০২। ডীন, সামাজিক বিজ্ঞান অনুষদ/ কলা অনুষদ/বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ/ ব্যবসায় প্রশাসন অনুষদ/আইন অনুষদ/চারুকলা অনুষদ
- ০৩। পরিচালক (ইসিটিউটিএব নজরুল স্টাডিজ), জাককানইবি
- ০৪। বিভাগীয় প্রধান, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ/ইংরেজী ভাষা ও সাহিত্য বিভাগ/সঙ্গীত বিভাগ/সিএসই বিভাগ/অর্থনীতি বিভাগ/হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগ/চারুকলা বিভাগ/ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ/থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ/ইইই বিভাগ/হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ/লোকপ্রশাসন ও সরকার পরিচালনবিদ্যা বিভাগ/ফোকলোর বিভাগ/আইন ও বিচার বিভাগ/ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ/এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ/নৃবিজ্ঞান বিভাগ/পপুলেশন সায়েন্স বিভাগ/স্থানীয় সরকার ও নগর উন্নয়ন বিভাগ/দর্শন বিভাগ/সমাজবিজ্ঞান বিভাগ/ব্যবস্থাপনা বিভাগ/পরিসংখ্যান বিভাগ, জাককানইবি (সংশ্লিষ্ট বিভাগের শিক্ষার্থীদেরকে অবগত করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। গ্রন্থাগারিক (ভারপ্রাপ্ত), জাককানইবি
- ০৬। প্রভোস্ট, অগ্নি-বীণা হল/দোলন-চাঁপা হল, জাককানইবি
- ০৭। প্রক্টর, জাককানইবি
- ০৮। পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ/ছাত্র পরামর্শ ও নির্দেশনা/অর্থ ও হিসাব/পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস/আইকিউএসি, জাককানইবি
- ০৯। পরীক্ষা নিয়ন্ত্রক, জাককানইবি
- ১০। পরিবহন প্রশাসক, জাককানইবি
- ১১। অতিরিক্ত পরিচালক, শারীরিক শিক্ষা বিভাগ/জনসংযোগ, তথ্য ও প্রকাশনা, ভিসি দপ্তর, জাককানইবি
- ১২। উপ-প্রধান প্রকৌশলী, জাককানইবি
- ১৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, মেডিকেল সেন্টার, জাককানইবি
- ১৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ভিসি দপ্তর, জাককানইবি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৫। অফিস নথি
- ১৬। মহানথি।